গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন
৩৭/৩/এ ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা।
www.ccb.gov.bd

স্মারক নং- ২৬.১২.০০০০.১০৬.৯৯.০২৩.২৩- তারিখ: ৩১-০৮-২০২৩

**বিষয়: ওষুধসহ বিভিন্ন চিকিৎসা উপকরণের মূল্য বৃদ্ধির বিষয়ে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত।**

সূত্র: স্বাস্থ্য সেবা বিভাগের স্মারক নং-৪৫.০০.০০০০.১৮২.৯৯.০০৩.২১.১৩৪, তারিখ: ২৪/৭/২০২৩

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ওষুধসহ বিভিন্ন চিকিৎসা উপকরণের অত্যধিক মূল্য বৃদ্ধিতে জনজীবনে দুর্ভোগ সংক্রান্ত বাংলাদেশ পুলিশের স্পেশাল ব্রাঞ্চের বিশেষ প্রতিবেদনের প্রেক্ষিতে 'ঔষধের মূল্য নির্ধারণ কমিটি' এর সভা আহবানসহ সংশ্লিষ্ট স্টেকহোল্ডার সমন্বয়ে সভা আহবান করার জন্য স্বাস্থ্য সেবা বিভাগ গত ০৯/৫/২০২৩ তারিখে ঔষধ প্রশাসন অধিদপ্তরকে অনুরোধ জানায়। তদপ্রেক্ষিতে ঔষধ প্রশাসন অধিদপ্তর গত ১৭.৫.২০২৩ তারিখে বাংলাদেশ ঔষধ শিল্প সমিতি, বাংলাদেশ পুলিশের স্পেশাল ব্রাঞ্চ, ক্যাব, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা এবং জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর এর প্রতিনিধিবৃন্দকে নিয়ে সভা আয়োজন করে যেখানে অন্যান্য কতিপয় সিদ্ধান্তের সাথে (১) বেশি দামে ওষুধ বিক্রয় প্রতিরোধে বা কোন অভিযোগ পেলে ঔষধ প্রশাসন অধিদপ্তর এবং জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে (২) ঔষধ কোম্পানিগুলো নিজেদের মধ্যে অসুস্থ প্রতিযোগিতা (Aggressive Marketing) পরিহার এবং বিজ্ঞাপন ও বিপণন ব্যয় হ্রাসের নিমিত্ত ইথিক্যাল মার্কেটিং গাইডলাইনটি অনুসরণ করবে (৩) ওষুধের মূল্য সংক্রান্ত তথ্যাদি ঔষধ প্রশাসন অধিদপ্তরের ওয়েবসাইটে নিয়মিত হালনাগাদ করতে হবে ইত্যাদি সিদ্ধান্ত গৃহীত হয়। স্বাস্থ্য সেবা বিভাগ গত ২৪.৭.২০২১ তারিখে ৪৫.০০.০০০০.১৮২.৯৯.০৩৩.২১.১৩৪ নং স্মারকমূলে উক্ত সিদ্ধান্তসমূহ অন্যান্য দপ্তরসহ বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনকে অবহিত করে। উক্ত স্মারক, স্মারকের সাথে সংযুক্ত ক্যাব এর ০৬/২/২০২৩ তারিখের ০১/২০২৩/১০২৪ নং স্মারক এবং ২০.৮.২০২৩ তারিখের ডিমান্ড অব জার্স্টিস নোটিশের আলোকে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন কর্তৃক উল্লিখিত সভা আহবান করা হয়। সভায় স্বাস্থ্য মন্ত্রণালয়, ঔষধ প্রশাসন অধিদপ্তর, এসবি (বিশেষ শাখা), জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, এসেনসিয়াল ড্রাগস কোম্পানি লিমিটেড, এপিআই ইন্ডাস্ট্রিয়াল শিল্প পার্ক, কনজুমারস এসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব), ভোক্তা অভিযোগ নিষ্পত্তি জাতীয় কমিটি, বাংলাদেশ কেমিস্ট এন্ড ড্রাগিষ্ট সমিতি, জিসকা ফার্মাসিউটিক্যালস লিমিটেড, এসকেএফ ফার্মাসিউটিক্যালস লিমিটেড, পপুলার ফার্মাসিউটিক্যালস লিমিটেড, ইনসেপ্টা ফার্মাসিউটিক্যালস লিমিটেড, স্কয়ার ফার্মাসিউটিক্যালস লিমিটেড, একমি ল্যাবরেটরিজ লিমিটেড, বাংলাদেশ এসোসিয়েশন অব ফার্মাসিউটিক্যালস ইন্ডাস্ট্রিজ এর প্রতিনিধিবৃন্দ উপস্থিত ছিলেন।

২। সভায় সাম্প্রতিক সময়ে স্যালাইনের মূল্য বৃদ্ধি এবং বাজারে চাহিদার তুলনায় স্যালাইনের স্বল্পতা, স্যালাইন প্রস্তুতকারী ০৭ টি কোম্পানির মাসিক উৎপাদন সক্ষমতা ৪৬ লক্ষ ইউনিট, স্যালাইনের চাহিদা, সরকারি হাসপাতালগুলোর দৈনিক স্যালাইন চাহিদা, ওষুধের মূল্য বৃদ্ধি সংক্রান্ত ঔষধ প্রশাসন অধিদপ্তরের নজরদারি বৃদ্ধি করা, ঔষধ কোম্পানিগুলোর নিজেদের মধ্যকার অসুস্থ প্রতিযোগিতা পরিহার, ইথিক্যাল মার্কেটিং গাইডলাইন ও Code of pharmaceutical marketing practices ইত্যাদি বিষয়ে আলোচনা হয়। উল্লিখিত বিষয়ের উপর আলোচনা শেষে সভায় নিম্নবর্ণিত সুপারিশ প্রদান করা হয়:

(২.১) স্যালাইনের মূল্য বৃদ্ধি এবং চাহিদার তুলনায় স্যালাইনের ঘাটতি, সরকারি হাসপাতালগুলোর জন্য দৈনিক স্যালাইনের চাহিদা ও তার বিপরীতে সরবরাহ ইত্যাদি বিষয়ে স্যালাইন উৎপাদনকারী ০৭ টি প্রতিষ্ঠানের সাথে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন মতবিনিময় করে সুপারিশমালা প্রণয়ন করবে;

(২.২) বেশি দামে ওষুধ বিক্রয় প্রতিরোধে বা এ সংক্রান্ত প্রাপ্ত অভিযোগের ভিত্তিতে জুলাই ২০২৩ মাস হতে আগস্ট ২০২৩ মাস পর্যন্ত সময়ে গৃহীত পদক্ষেপের তথ্যাদি বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনকে সরবরাহ করার জন্য জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরকে অনুরোধ জানানো হয়;

(২.৩) জুলাই ২০২৩ থেকে আগস্ট ২০২৩ সময়ে ওষুধের দাম কিংবা অন্যান্য কোনো বিষয়ে ঔষধ প্রশাসন অধিদপ্তরে অভিযোগ দায়ের হয়নি মর্মে সভায় জানানো হয়। ওষুধের মূল্য বৃদ্ধির ক্ষেত্রে কোনো যোগসাজশ হচ্ছে কিনা কিংবা অযৌক্তিকভাবে ওষুধের মূল্য বৃদ্ধি করা হচ্ছে কিনা, চাহিদার বিপরীতে ওষুধ উৎপাদন অন্যায়ভাবে বাধাগ্রস্থ হচ্ছে কিনা সে সব বিষয়ে ঔষধ প্রশাসন অধিদপ্তরের নজরদারি বৃদ্ধি করার জন্য সভায় সুপারিশ করা হয়;

(২.৪) নিজেদের মধ্যে অসুস্হ প্রতিযোগিতা পরিহার করা এবং বিজ্ঞাপন ও বিপণন ব্যয় হ্রাসের নিমিত্ত ইথিক্যাল মার্কিটিং গাইডলাইন ও জাতীয় শুদ্ধাচার কৌশলপত্র (এনআইএস) যথাযথভাবে অনুসরণ করার জন্য ফার্মাসিউটিক্যালস কোম্পানিগুলোর প্রতিনিধিবৃন্দকে অনুরোধ জানানো হয়।

০৩। উল্লিখিত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের বিষয়ে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের পক্ষ হতে সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হয়।

৩১.৮.২০২৩

(প্রদীপ রঞ্জন চক্রবর্তী)
চেয়ারপার্সন
বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন

**বিতরণ (জ্ঞাতার্থে ও কার্যার্থে):**

(১) সিনিয়র সচিব
স্বাস্থ্য সেবা বিভাগ,
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

(২) মহাপরিচালক
জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর
বাণিজ্য মন্ত্রণালয়

(৩) মহাপরিচালক
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২

(৪) মহাপরিচালক
ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঔষধ ভবন
মহাখালী, ঢাকা-১২১২

(৫) জনাব/বেগম.......................

স্মারক নং- ২৬.১২.০০০০.১০৬.৯৯.০২৩.২৩- তারিখ: ৩১-০৮-২০২৩

**সদয় জ্ঞাতার্থে:**

১। সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা- ১০০০;
২। চেয়ারপার্সন মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন, ঢাকা ;
৩। .............................................. সদস্য (সকল) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন, ঢাকা (সদস্য মহোদয়ের জন্য);
৪। অফিস কপি।

৩১/৮/২০২৩

(তায়েব-উর-রহমান আশিক)
উপ-পরিচালক